# তানোর উপজেলা পরিষদের ডিসেম্বর/২০২১ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী

সভাপতি ঃ মোঃ লুৎফর হায়দার রশীদ
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
তানোর, রাজশাহী

সভার স্থান ঃ উপজেলা পরিষদ হলরুম, তানোর, রাজশাহী
সভার তারিখ ঃ ২৮/১২/২০২১ খ্রিঃ
সভার সময় ঃ বেলা ১১.৩০ টা

সভায় উপস্থিত সদস্যগণের নামের তালিকা পরিশিষ্ট '' ক '' দ্রষ্টব্য।
সভায় অনুপস্থিত সদস্যগণের নামের তালিকা পরিশিষ্ট ''খ'' দ্রষ্টব্য।

উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে উপজেলা নির্বাহী অফিসার, তানোর, রাজশাহী সভার কার্যক্রম শুরু করা হয়। অতঃপর গত সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হয়। পঠিত কার্যবিবরণীতে কোনরূপ সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরণ করা হয়।

| ক্রঃ নং | বিভাগের নাম | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়ন কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ০১ | কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, ১। রবি/২০২১-২২ মৌসুমে প্রণোদনা কর্মসূচীর আওতায় ২০০০ জন কৃষকের মাঝে উফশী বোরো ধান বীজ ও রাসায়নিক সার এবং ৭১০০ জন কৃষকের মাঝে বোরো হাইব্রীড বীজ বিতরণ করা হয়েছে।<br>২। আলুর নাবী ধ্বসা রোগ সম্পর্কে কৃষকদের সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে কৃষক সমাবেশ , লিফলেট বিতরণসহ মাঠ পর্যায়ে পরামর্শ প্রদান অব্যাহত রয়েছে।<br>৩। গম, সরিষা,মসুরসহ রবি শস্যের বিভিন্ন রোগ ও পোকা দমনে করনীয় সম্পর্কে কৃষকদের পরামর্শ প্রদান করা হয়েছে।<br>৪। ঘন কুয়াশা ও ঠান্ডাজনিত সমস্যা থেকে বোরো বীজতলা রক্ষার জন্য সাদা স্বচ্ছ পলিথিন দিয়ে বীজতলা আবৃত করার জন্য কৃষকদের পরামর্শ প্রদান করা হচ্ছে। তার দপ্তরের কার্যক্রম সম্পর্কে আলোচনা করা সম্ভব হলো না।<br>৫। রবি মৌসুমে বোরো চাষীদের সেচ সাশ্রয়ী বোরো ধানের জাত (ব্রি ধান ৮১,৮৪,৮৬,৮৮,৮৯,৯২) সমূহের আবাদ বৃদ্ধির লক্ষ্যে সম্প্রসারণ কার্যক্রম গ্রহণ হয়েছে।<br>৬। রবি ২০২১-২২ মৌসুমে প্রণোদনা কর্মসূচীর আওতায় বিতরণকৃত সরিষা,গম,ভুট্টা, পেঁয়াজ সহ অন্যান্য ফসলের আবাদ বৃদ্ধির লক্ষ্যে বিতরণকৃত ২১৫০ জন কৃষকের মাঝে বিনা মূল্যে বীজ ও সার বিতরণ করা হয়েছে এবং মাঠ পর্যায়ে চাষবাদ কার্যক্রম তদারকি করা হচ্ছে।<br>৭। জলবায়ু পরিবর্তনের প্রেক্ষিতে পরিবর্তনশীল প্রতিকূল আবহাওয়া উপযোগী চাষাবাদ সিদ্ধান্ত গ্রহণে কৃষকদের আগাম আবহাওয়া পূর্বাভাস প্রচার করা হয়েছে।<br>৮। কীটনাশকের নিরাপদ ব্যবহারের নিয়মাবলী ও সতর্কতা বৃদ্ধির লক্ষ্যে কৃষকদের একক ও দলীয় সম্প্রসারণ কার্যক্রমে আলোচনা করা হয়েছে।<br>৯। মাঠ কর্মকর্তাদের দক্ষতা উন্নয়নের জন্য প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।<br>১০। রবি মৌসুমে বিভিন্ন সবজি যেমন-টমেটো, ফুলকপি, বাধাকপি, বিভিন্ন শাকসবজি ও পরিচর্যার জন্য কৃষকদের পরামর্শ প্রদান করা হচ্ছে।<br>১১। রবি মৌসুমে বিভিন্ন ফসলের আধুনিক জাত ও প্রযুক্তি সম্প্রসারণে প্রদর্শনী স্থাপনের লক্ষ্যে কৃষকদের মাঝে উপকরণ বিতরণ সম্পন্ন করা হয়েছে।<br>১২। কৃষি উপকরণ সমূহের যথাযথ সরবরাহ মনিটরিং চলমান রয়েছে।<br>১৩। এছাড়া সরকার নির্ধারিত বিভিন্ন কার্যক্রম, দিবস পালন, সভায় অংশ গ্রহণ, প্রশিক্ষণে অংশ গ্রহণসহ সকল কাজ সম্পাদনের বিষয়ে করণীয় অব্যাহত রয়েছে। তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রাখতে উপজেলা কৃষি অফিসার, তানোর, রাজশাহীকে অনুরোধ করা হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা |
| ০২ | মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, মৎস্য বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবেই চলছে কোন সমস্যা নাই। ০১ নভেম্বর হতে ৩০ জুন পর্যন্ত দীর্ঘ সময় জাটকা সংরক্ষণ কার্যক্রম চলছে এ সময়ের মধ্যে জাটকা আহরন পরিবহন বন্ধ ও বিক্রি সম্পূন্নরুপে নিষিদ্ধ যদি কেউ জাটকা বিক্রি করছে এমন কোন তথ্য পেয়ে থাকে তবে তা দ্রুত মৎস্য দপ্তরকে জানানোর জন্য অনুরোধ করা হলো। আগামী মাসে আমরা ৮৫ জন মৎস্যচাষীকে ১ ও ২ দিনের দেশীয় প্রজাতির ছোট মাছ চাষের উপরে প্রশিক্ষণ প্রদান করা হবে এবং ৩টি দেশীয় প্রজাতির ছোট মাছের প্রদশনী বাস্তবায়ন করা হবে এ ব্যাপারে সকলের সহযোগীতা কামনা করছি । এছাড়া দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রাখতে উপজেলা মৎস্য অফিসার, তানোর, রাজশাহীকে অনুরোধ করা হয়। | উপজেলা মৎস্য কর্মকর্তা |
| ০৩ | প্রাণি সম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, কুকুর যদি কোন গৃহপালিত পশুকে কামড় দেয় তা দ্রুত প্রাণিসম্পদ অফিসকে জানানোর জন্য অনুরোধ করা হলো । কামারগাঁর মালশিরা গ্রামে হঠাৎ করে গরু অসুস্থ হয়ে পড়ে। তড়কা রোগ সন্দেহ করা হলেও সেরকম কোন কিছু ল্যাবরেটরি রেকর্ড প্রমাণিত হয়নি। দপ্তরে কৃত্রিম প্রজনন ও টিকা প্রদান কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রাখতে উপজেলা প্রাণিসম্পদ অফিসার, তানোর, রাজশাহীকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা ও তানোর, রাজশাহী |

| ক্রঃ নং | বিভাগের নাম | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়ন কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ০৪ | প্রকৌশলী (এলজিইডি) তানোর। | উপজেলা প্রকৌশলী, এলজিইডি, তানোর বলেন যে, এডিপির আওতায় প্রকল্প প্রস্তাব দাখিলের জন্য উপজেলা ভাইস চেয়ারম্যানগণ ও সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের দৃষ্টি আকর্ষণ করেন এবং দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | উপজেলা ভাইস চেয়ারম্যানগণ ও সকল ইউপি চেয়ারম্যানগণকে প্রকল্প দাখিলের জন্য অনুরোধ করা হলো। | উপজেলা প্রকৌশলী (এলজিইডি) তানোর, রাজশাহী। |
| ০৫ | প্রকল্প বাস্তবায়ন বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা বলেন যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রাখতে উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকতাকে অনুরোধ করা হয়। | প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, তানোর, রাজশাহী |
| ০৬ | উপজেলা সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা অফিসার, তানোর, রাজশাহী জানান যে, ১৪-২১ ডিসেম্বর/২০২১খ্রি. ক্ষুদ্রঋণ জাগরণী সপ্তাহ উদযাপন করা হয় অনাদায়ী ৫৪ লক্ষ টাকার মধ্যে ২৮,৯৮,৪০০/- টাকা সার্ভিস চার্জসহ আদায় এবং পুন:বিনিয়োগ করা হয়। আদায় এবং পুন বিনিয়োগ অব্যাহত আছে। ১ম কিস্তির ভাতার অর্থ জুলাই হতে সেপ্টেম্বর ইএফটির পদ্ধতিতে মোবাইল নগদ হিসাবের মাধ্যমে দেওয়া হচ্ছে। অন্যান্য ভাতা সংক্রান্ত জটিলতা নগদ সেবা পয়েন্টের মাধ্যমে উদ্ধর্তন কর্তৃপক্ষ অবগত করা হচ্ছে। ২ জানুয়ারী ২০২১ জাতীয় সমাজসেবা দিবস উদযাপন হবে এ জন্য তিনি সকলকে আমন্ত্রণ জানান এবং অন্যান্য কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিকভাবে চলছে। | তার দপ্তরে কার্যক্রম স্বাভাবিক রাখতে উপজেলা সমাজসেবা অফিসার, তানোর, রাজশাহীকে অনুরোধ করা হয়। | উপজেলা সমাজসেবা অফিসার তানোর, রাজশাহী। |
| ০৭ | উপজেলা শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা অফিসার, তানোর, রাজশাহীর বলেন তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | তার দপ্তরে কার্যক্রম স্বাভাবিক রাখতে উপজেলা শিক্ষা কর্মকর্তাকে অনুরোধ করা হয় | উপজেলা শিক্ষা অফিসার তানোর, রাজশাহী |
| ০৮ | স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান যে, এক্সরে মেশিন পুনরায় চালু হয়েছে এবং আগামী মাস থেকে ইসিজিসহ সিজার কার্যক্রম চালু হবে। এছাড়া তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | কার্যক্রম স্বাভাবিক রাখতে উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ, তানোর, রাজশাহীকে অনুরোধ করা হয়। | উপজেলা স্বাঃ ও পঃ পঃ কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল তানোর, রাজশাহী। |
| ০৯ | পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, তানোর, রাজশাহী অত্র সভায় অনুপস্থিত ছিলেন। | তাকে পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয় | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| ১০ | মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, ডিসেম্বর ২০২১খ্রি. মাসে ভিজিডি খাদ্য বিতরণ চলমান রয়েছে। দরিদ্র মা'র জন্য মাতৃত্বকালীন ভাতা প্রদান কর্মসূচির উপকারভোগীদের জি টু পি পদ্ধতিতে ভাতা বিতরণ কার্যক্রম অব্যাহত আছে। কর্মজীবি ল্যাকটেটিং মাদার সহায়তা কর্মসূচির উপকারভোগীদের জি টু পি পদ্ধতিতে ভাতা বিতরণ কার্যক্রম অব্যাহত আছে। আইজিএ প্রকল্পের প্রশিক্ষণার্থী বাছাই কার্যক্রম সম্পন্ন হয়েছে। আগামী ০২/০১/২০২২ খ্রি. হতে তাদের প্রশিক্ষণ আরম্ভ হবে। রাজস্ব কর্মসূচির আওতায় প্রশিক্ষণার্থী বাছাই আগামী ৩০/১২/২০২১ খ্রি. তারিখ সম্পন্ন ক্ষুদ্রঋণ কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে এবং দপ্তরের অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | কার্যক্রম স্বাভাবিক রাখতে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| ১১ | যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকতা সভাকে অবহিত করেন যে, দপ্তরের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | কাজের সুষ্ঠু ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা যুব উন্নয়ন কর্মকতাকে অনুরোধ জানানো হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |

| ক্রঃ নং | বিভাগের নাম | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়ন কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১২ | মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা বলেন যে, এ দপ্তরের নিয়মিত কার্যক্রম স্বাভাবিক চলছে। ১লা জানুয়ারি ২০২২ শ্রেণিকক্ষে স্বাস্থ্যবিধি মেনে বই বিতরণ অনুষ্ঠিত হবে। ইতোমধ্যে ইউনিক আইডি এর প্রশিক্ষণ সমাপ্ত হয়েছে এবং বিজ্ঞান মেলা এর পূর্ব প্রস্তুতি চলছে। | তার বিভাগের কার্যক্রম স্বাভাবিক রাখতে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে অনুরোধ করা হলো | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা |
| ১৩ | জনস্বাস্থ্য বিভাগ | সভায় উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) তানোর, রাজশাহী বলেন যে, আশ্রয়ন-২ প্রকল্পের গৃহহীন ভূমিহীন পরিবারে ঘরে ১০টি পানির উৎস্য স্থাপন কাজ চলমান রয়েছে। PEDP-4 প্রকল্পের আওতায় Wash-Block নির্মাণ কাজ চলমান রয়েছে। আর্সেনিক স্ক্রিনিং কার্যক্রম শুরু হয়েছে। | কাজের সুষ্ঠু ধারা অব্যাহত রাখার জন্য সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তর, তানোর, রাজশাহী অনুরোধ করা হয় | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) |
| ১৪ | পরিসংখ্যান বিভাগ | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা সভায় জানান যে, আমন ফসলের নমুনা কর্তন ও আনুমানিক হিসাব প্রাক্কলন জেলা পরিসংখ্যান অফিসে প্রেরণ করা হয়েছে। মাঠ পর্যায়ে জাতীয় প্রতিবন্ধী জরিপ এর কাজ চলছে। মাঠ পর্যায়ে RAPID MICS-2021 এর জরিপ কাজ চলমান। কাবু শিল্প হতে পণ্য জরিপ ২০২২ কার্যক্রমের পকেট এরিয়া চিহ্নিতকরণ পরিচালনা/২২ হবে।তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। এছাড়া অন্যান্য দাপ্তরিক কাজ স্বাভাবিক ভাবে চলছে। | কার্যক্রম স্বাভাবিক রাখতে উপজেলা পরিসংখ্যান অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা |
| ১৫ | পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | কার্যক্রম স্বাভাবিক রাখতে উপজেলা পল্লী উন্নয়ন অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |
| ১৬ | সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা সভায় বলেন যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে কোন সমস্যা নেই। নিবন্ধিত সমবায় সমিতির ২০২০-২১ সালের বার্ষিক অডিট কাজ চলছে। সরকারি রাজস্ব অডিট ফি, ভ্যাট, সমবায় উন্নয়ন তহবিল আদায় ও তা সরকারী কোষাগারে জমা করা হচ্ছে। আশ্রয়ণ প্রকল্পের ঋণ আদায় শেষ হয়েছে। নতুনভাবে ঋণ প্রদানের কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে। প্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ প্রদানের পাশাপাশি ভ্রাম্যমাণ প্রশিক্ষণ অনুষ্ঠিত হচ্ছে। | তার বিভাগের কার্যক্রম স্বাভাবিক রাখতে উপজেলা সমবায় অফিসারকে অনুরোধ করা হয় | উপজেলা সমবায় কর্মকর্তা |
| ১৭ | বন বিভাগ | বৃক্ষ রোপণে মাননীয় প্রধানমন্ত্রীর জাতীয় পুরস্কার/২০২১ প্রদান সংক্রান্ত সারা বাংলাদেশে ০৭টি শ্রেণিতে পুরস্কার প্রদান করা হবে। তানোর উপজেলায় কোন আবেদন পাওয় যায়নি। এছাড়া অত্র উপজেলায় ২০২১-২২ আর্থিক খাতে বিনামূল্যে বিতরণের জন্য ৬,০০০ টি চারা এবং ৫ কিলোমিটার বাগান সৃজনের বরাদ্দ পাওয়া গিয়েছে। চারা উত্তোলনের মূল্য, মাটি, গোবর সার সংগ্রহের কাজ চলমান এবং অন্যান্য কাজ সুষ্ঠুভাবে চলমান রয়েছে। | তার কার্যালয়ের কার্যক্রম স্বাভাবিক রাখতে অনুরোধ করা হয়। | উপজেলা বন কর্মকর্তা, তানোর, রাজশাহী |
| ১৮ | খাদ্য নিয়ন্ত্রক | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় উপস্থিত না থাকায় তার দপ্তর সম্পর্কে আলোচনা করা সম্ভব হলো না। | পরবর্তী সভায় উপস্থিত হয়ে দপ্তরের কার্যক্রম তুলে ধরার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, |
| ১৯ | বরেন্দ্র বহুমূখী উন্নয়ন কর্তৃপক্ষ বিএমডিএ | সহকারী প্রকৌশলী (বিএমডিএ) তানোর, রাজশাহী বলেন চলতি রবি মৌসুমে ৫২৯টি গভীর নলকূপের মাধ্যমে সেচ প্রদানের জন্য প্রস্তুত রাখা হয়েছে। ইবিএ প্রকল্পের আওতায় ৪০ হাজার গাছ, পূন:খননকৃত ০৭টি পুকুর ও রাস্তার দুই পার্শ্বে লাগানো হয়েছে। দেওতলা হতে হামিরপুর হয়ে সিলিমপুর পর্যন্ত প্রায় ২কি:মি: খাল পূন:খননের জন্য এলাকার কৃষকগণ আবেদন করেছেন। খালটি পূন:খননের জন্য সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান এবং উপজেলা পরিষদ চেয়ারম্যান মহোদয়ও ব্যবস্থা গ্রহণ করতে বলেছেন। বিষয়টি অনুমোদনের জন্য অত্র সভায় উপস্থাপন করা হলো। অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাব চলছে। | এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে উল্লিখিত খালটি পুন:খননের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সহকারী প্রকৌশলী, (বিএমডিএ) তানোর, রাজশাহীকে অনুরোধ করা হয়। | সহকারী প্রকৌশলী (বিএমডিএ) রাজশাহী |
| ২০ | উপজেলা রিসোর্স সেন্টার | ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | তার কার্যালয়ের কার্যক্রম স্বাভাবিক রাখতে অনুরোধ করা হয়। | ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার |

| ক্রঃ নং | বিভাগের নাম | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়ন কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ২১ | আনসার ও ভিডিপি অফিস | উপজেলা আনসার ও ভিডিপি অফিসার (ভারপ্রাপ্ত) সভায় জানান যে, নির্মিতব্য আনসার ও ভিডিপি কার্যালয়, তানোর, রাজশাহীর ভবনের সংযোগ সড়ক নির্মাণ কাজ চলছে এবং দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | কার্যক্রম স্বাভাবিক রাখতে উপজেলা আনসার ও ভিডিপি অফিসার, তানোর, রাজশাহী অনুরোধ করা হয়। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, তানোর, রাজশাহী |
| ২২ | পল্লী জীবিকায়ন কর্মসূচী, তানোর ইউবিসিসিএ লিঃ | উপজেলা প্রকল্প কর্মকর্তা, তানোর ইউবিসিসিএলিঃ, তানোর, রাজশাহী বলেন, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | কার্যক্রম স্বাভাবিক রাখতে উপজেলা প্রকল্প কর্মকর্তা, তানোর ইউবিসিসিএলিঃ, তানোর, রাজশাহীকে অনুরোধ করা হয় | উপজেলা প্রকল্প কর্মকর্তা, তানোর ইউবিসিসিএলি ঃ |
| ২৩ | পল্লী সঞ্চয় ব্যাংক | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, তানোর, রাজশাহী জানান যে ডিসেম্বর মাসে ১ কোটি ২০ লক্ষ টাকা ঋণ বিতরণ করা হয়েছে ও ১ কোটি ৮ লক্ষ টাকা ঋণ আদায় করা হয়েছে। ৪৫০০০/- হাজার টাকা সঞ্চয় আদায় ও ৩১৯ জন গ্রাহকের নামে ঋণ বিতরণ সম্পন্ন হয়েছে। এছাড়া দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | কার্যক্রম স্বাভাবিক রাখতে শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, তানোর, রাজশাহীকে অনুরোধ করা হয়। | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, তানোর, রাজশাহী |
| ২৪ | উপজেলা নির্বাচন অফিস | উপজেলা নির্বাচন অফিসার, তানোর, সভায় অনুপস্থিত না থাকায় তার দপ্তর সম্পর্কে কোন তথ্য জানা গেল না। | পরবর্তী সভায় উপস্থিত হয়ে দপ্তরের কার্যক্রম তুলে ধরার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা নির্বাচন অফিসার |
| ২৫ | নেসকো, তানোর, রাজশাহী | সভায় আবাসিক প্রকৌশলী, নেসকো, তানোর, রাজশাহী জানান যে, তার দপ্তরের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হয়ে আসছে। | কার্যক্রম স্বাভাবিক রাখতে আবাসিক প্রকৌশলী কে অনুরোধ করা হয়। | আবাসিক প্রকৌশলী নেসকো, তানোর, রাজশাহী |
| ২৬ | রাজশাহী পল্লী বিদুৎ সমিতি, তানোর জোনাল অফিস | ডিজিএম, রাজশাহী পল্লী বিদ্যুৎ সমিতি, তানোর জোনাল অফিস, তানোর, রাজশাহী উপস্থিত না থাকায় তার দপ্তর সম্পর্কে আলোচনা করা সম্ভব হলো না। | পরবর্তী সভায় উপস্থিত হয়ে দপ্তরের কার্যক্রম তুলে ধরার জন্য অনুরোধ করা হলো। | ডিজিএম, রাজশাহী পল্লী বিদ্যুৎ সমিতি |
| ২৭ | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প | উপজেলা ডেভোলপমেন্ট ফ্যাসিলিটেটর বলেন তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | কার্যক্রম স্বাভাবিক রাখতে উপজেলা ডেভোলপমেন্ট ফ্যাসিলিটেট কে অনুরোধ করা হয়। | উপজেলা ডেভোলপমেন্ট ফ্যাসিলিটের ও সংশ্লিষ্ট সকল |

২৮. ইউনিয়ন পরিষদ ঃ

| | | | |
|---|---|---|---|
| ২৮.০১ | কলমা ইউনিয়ন পরিষদ | নবনির্বাচিত চেয়ারম্যান, কলমা ইউপি, তানোর, রাজশাহী তিনি সভায় উপস্থিত হয়ে জানান যে, তার ইউপির কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | উপজেলা প্রশাসনকে মাদকমুক্ত সমাজ গঠনে সহায়তা করার অনুরোধ করা হয়। |
| ২৮.০২ | বাধাইড় ইউনিয়ন পরিষদ | নবনির্বাচিত চেয়ারম্যান, বাধাইড় ইউপি, তানোর, রাজশাহী তিনি সভায় উপস্থিত হয়ে জানান যে, তার ইউপির কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | উপজেলা প্রশাসনকে মাদকমুক্ত সমাজ গঠনে সহায়তা করার অনুরোধ করা হয়। |
| ২৮.০৩ | পাঁচন্দর ইউনিয়ন পরিষদ | নবনির্বাচিত চেয়ারম্যান, পাঁচন্দর ইউপি, তানোর, রাজশাহী তিনি সভায় উপস্থিত হয়ে জানান যে, তার ইউপির কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | উপজেলা প্রশাসনকে মাদকমুক্ত সমাজ গঠনে সহায়তা করার অনুরোধ করা হয়। |

| | | | |
|---|---|---|---|
| ২৮.০৪ | সরনজাই ইউনিয়ন পরিষদ | নবনির্বাচিত চেয়ারম্যান, সরনজাই ইউপি, তানোর, রাজশাহী তিনি সভায় উপস্থিত হয়ে জানান যে, তার ইউপির কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | উপজেলা প্রশাসনকে মাদকমুক্ত সমাজ গঠনে সহায়তা করার অনুরোধ করা হয়। |
| ২৮.০৫ | তালন্দ ইউনিয়ন পরিষদ | নবনির্বাচিত চেয়ারম্যান, তালন্দ ইউপি, তানোর, রাজশাহী তিনি সভায় উপস্থিত হয়ে জানান যে, তার ইউপির কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | উপজেলা প্রশাসনকে মাদকমুক্ত সমাজ গঠনে সহায়তা করার অনুরোধ করা হয়। |
| ২৮.০৬ | কামারগা ইউনিয়ন পরিষদ | নবনির্বাচিত চেয়ারম্যান, কামারগা ইউপি, তানোর, রাজশাহী তিনি সভায় উপস্থিত হয়ে জানান যে, তার ইউপির কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | উপজেলা প্রশাসনকে মাদকমুক্ত সমাজ গঠনে সহায়তা করার অনুরোধ করা হয়। |
| ২৮.০৭ | চান্দুড়িয়া ইউনিয়ন পরিষদ | নবনির্বাচিত চেয়ারম্যান, চান্দুড়িয়া ইউপি, তানোর, রাজশাহী তিনি সভায় উপস্থিত হয়ে জানান যে, তার ইউপির কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | উপজেলা প্রশাসনকে মাদকমুক্ত সমাজ গঠনে সহায়তা করার অনুরোধ করা হয়। |

২৯. উপজেলা পরিষদের আয় ব্যয় নিয়ে আলোচনা ঃ

| | | | | |
|---|---|---|---|---|
| ৩০.০১ | উপজেলা পরিষদের আয় ব্যয় সংক্রান্ত | উপজেলা নির্বাহী অফিসার, তানোর, রাজশাহী সভায় জানান যে, উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ও উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল নামে ২টি ব্যাংক হিসাবের মাধ্যমে লেনদেন সম্পন্ন করা হয়। নভেম্বর/২০২১ মাসে চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তানোর, রাজশাহীর ৪০,০০০/- টাকা, ভাইস চেয়ারম্যান এর ২৭,০০০/- টাকা এবং মহিলা ভাইস চেয়ারম্যান এর ২৭,০০০/- টাকা সম্মানি ভাতা ও উপজেলা পরিষদ মাসিক সভার আপ্যায়ন ও অন্যান্য আপ্যায়ন ব্যয় বাবদ ৩০,০০০/- ও মাসিক আনুষাংগিক ব্যয় বাবদ ৫,০০০/- টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে প্রদান করা হয়েছে। | আর্থিক বিধি বিধান অনুসারে হিসাব পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হলো এবং নভেম্বর/২০২১ মাসের চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তানোর, রাজশাহীর ৪০,০০০/- টাকা, ভাইস চেয়ারম্যান এর ২৭,০০০/- টাকা এবং মহিলা ভাইস চেয়ারম্যান এর ২৭,০০০/- টাকা সম্মানি ভাতা ও উপজেলা পরিষদ মাসিক সভার আপ্যায়ন ও অন্যান্য আপ্যায়ন ব্যয় বাবদ ৩০,০০০/- ও মাসিক আনুষাংগিক ব্যয় বাবদ ৫,০০০/- টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে প্রদানের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রম গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, তানোর, রাজশাহী |
| ৩০.০২ | বিবিধ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তানোর, রাজশাহীর জুন/২০২১ হতে নভেম্বর/২০২১ মাসের ভ্রমন ভাতা বাবদ =৪৮,৩৭১/- (আটচল্লিশ হাজার তিনশত একাত্তর), জনাব মোঃ আবু বাক্কার, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তানোর, রাজশাহীর মে/২০২১ হতে নভেম্বর/২০২১ মাসের ভ্রমন ভাতা =৪৩,০০০/- (তেত্তাল্লিশ হাজার) ও জনাব সোনিয়া সরদার, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তানোর, রাজশাহীর মে/২০২১ হতে নভেম্বর/২০২১ মাসের ভ্রমন ভাতা =৪৩,০০০/- (তেত্তাল্লিশ হাজার) টাকার বিল পরিশোধের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় দৃষ্টি আকর্ষণ করেন। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তানোর, রাজশাহীর জুন/২০২১ হতে নভেম্বর/২০২১ মাসের ভ্রমন ভাতা বাবদ =৪৮,৩৭১/- (আটচল্লিশ হাজার তিনশত একাত্তর), জনাব মোঃ আবু বাক্কার, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তানোর, রাজশাহীর মে/২০২১ হতে নভেম্বর/২০২১ মাসের ভ্রমন ভাতা =৪৩,০০০/- (তেত্তাল্লিশ হাজার) ও জনাব সোনিয়া সরদার, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তানোর, রাজশাহীর মে/২০২১ হতে নভেম্বর/২০২১ মাসের ভ্রমন ভাতা =৪৩,০০০/- (তেত্তাল্লিশ হাজার) টাকার বিল পরিশোধের জন্য সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হলো। উক্ত বিল উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ উপজেলা নির্বাহী অফিসার, তানোর, রাজশাহী |

| | | | | |
|---|---|---|---|---|
| ৩০.০৩ | বিবিধ | ১৬ই ডিসেম্বর মহান বিজয় দিবস/২০২১ উদযাপনের বকেয়া বিল প্রদানের জন্য পাওনাদার কর্তৃক ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকার বিল দাখিল করেন। উক্ত বিল পরিশোধের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় দৃষ্টি আকর্ষণ করেন। | ১৬ই ডিসেম্বর মহান বিজয় দিবস/২০২১ উদযাপনের বকেয়া বিল প্রদানের জন্য পাওনাদার কর্তৃক ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকার বিল পরিশোধের জন্য সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হলো। উক্ত বিল উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার, তানোর, রাজশাহী |
| ৩০.০৪ | বিবিধ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ বাস ভবনের টুকিটাকি মেরামত বাবদ ২৪,৯৬০/-(চব্বিশ হাজার নয়শত ষাট) টাকা ব্যয় হয়েছে উক্ত ব্যয় পরিশোধের জন্য সভায় উপস্থাপন করা হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ বাস ভবনের টুকিটাকি মেরামত বাবদ ২৪,৯৬০/-(চব্বিশ হাজার নয়শত ষাট) টাকার ব্যয় উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয় এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসার, তানোর, রাজশাহীকে অনুরোধ করা হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার, তানোর, রাজশাহী |
| ৩০.০৫ | বিবিধ | মেয়র, তানোর পৌরসভা কর্তৃক ২৮/০৭/২০২১খ্রিঃ তারিখের ১৮৮ নং স্মারকে ২০২০-২০২১ অর্থ বছরের পৌরকর বাবদ =৪,৯৭,৫৫৮/- (চার লক্ষ সাতানব্বই হাজার পাঁচশত আটান্ন) টাকা পরিশোধের জন্য আবেদন জানান। উক্ত ব্যয় পরিশোধের জন্য সভায় উপস্থাপন করা হয়। | বিস্তারিত আলোচনান্তে ২০২০-২০২১ অর্থ বছরের পৌরকর বাবদ =৪,৯৭,৫৫৮/- (চার লক্ষ সাতানব্বই হাজার পাঁচশত আটান্ন) টাকা পরিশোধের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয় এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসার, তানোর, রাজশাহীকে অনুরোধ করা হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার, তানোর, রাজশাহী |

চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তানোর, রাজশাহী জানান যে, এডিপির আওতায় বরাদ্দকৃত অর্থ যথাসময়ে বাস্তবায়ন না হওয়ার জন্য তিনি অসন্তোষ প্রকাশ করেন। তিনি আরো বলেন যে, এডিপির মোট বরাদ্দের ৩% অর্থ নারী উন্নয়ন ফোরাম বরাবর বরাদ্দের আইনগত বিধান রয়েছে। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেন।

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোঃ লুৎফর হায়দার রশীদ)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
তানোর, রাজশাহী।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
তানোর, রাজশাহী
**www.tanore.rajshahi.gov.bd**

"শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি"

স্মারক নং ঃ ০৫.৪৩.৮১৯৪.০০০.০৮.০০১.২০- ১২৫৭(৫০) তারিখঃ ১৩ পৌষ ১৪২৮ বঙ্গাব্দ
২৮ ডিসেম্বর ২০২১ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো ঃ-

০১। জনাব আলহাজ্ব ওমর ফারুক চৌধুরী, সংসদ সদস্য, ৫২-রাজশাহী-১ (গোদাগাড়ী-তানোর)।
০২। পরিচালক, স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনার কার্যালয়, রাজশাহী বিভাগ, রাজশাহী।
০৩। জেলা প্রশাসক, রাজশাহী।
০৪। উপ-সচিব, স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-১ শাখা, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৫। সিনিয়র সহকারী সচিব, উপজেলা-২ ,স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যে প্রেরণ করা হ'ল ঃ-

০৬। উপ-পরিচালক,স্থানীয় সরকার শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী।
০৭। মেয়র মুন্ডুমালা/তানোর পৌরসভা, তানোর, রাজশাহী।
০৮। উপজেলা ........................................................................................ অফিসার, তানোর, রাজশাহী।
০৯। চেয়ারম্যান কলমা/বাধাইড়/পাঁচন্দর/সরনজাই/তালন্দ/কামারগাঁ/ চাঁন্দুড়িয়া ইউ পি, তানোর, রাজশাহী।

28/12/2022

(পংকজ চন্দ্র দেবনাথ)
মুখ্য নির্বাহী কর্মকর্তা
ও
উপজেলা নির্বাহী অফিসার
তানোর, রাজশাহী
ফোন-০২৪৭৮-৫১০০২
unotanore@mopa.gov.bd